



ভর্তি পরীক্ষা

শিক্ষাবর্ষ : ২০২৫-২০২৬


১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রাথমিকভাবে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর চূড়ান্তভাবে ভর্তির লক্ষ্যে অনলাইনে SIF পূরণ এবং ভর্তি ফি জমাদান এর বিষয়ে করণীয় সংক্রান্ত বিজ্ঞপ্তি :

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে সকল ইউনিট ও উপ-ইউনিটে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রাথমিকভাবে ভর্তিকৃত সকল শিক্ষার্থী ও সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে-

- সকল ইউনিট ও উপ-ইউনিটে সকল পর্যায়ে [১ম, ২য়, ৩য়, ৪র্থ এবং ৫ম পর্যায় (স্পট বরাদ্দ ও অপেক্ষমান তালিকা)] সাধারণ ও কোটার আসনে প্রাথমিকভাবে ভর্তিকৃত সকল শিক্ষার্থীকে আগামী ২৪ জুন থেকে ২৯ জুন ২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে অনলাইনে Student Information Form (SIF) পূরণ করতে হবে। অনলাইনে SIF পূরণের সময়ে Student ID স্বয়ংক্রিয়ভাবে Generate হবে।
প্রাথমিকভাবে ভর্তিকৃত সকল শিক্ষার্থীকে অনলাইনে SIF পূরণের পর SIF ও ভর্তি ফি জমা দেয়ার ব্যাংক রসিদ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে স্ব স্ব শিক্ষার্থীর প্রোফাইল পেইজ থেকে ডাউনলোড করে প্রিন্ট করতে হবে। চূড়ান্ত ভর্তির সময়ে A4 সাইজের দু'টি SIF ও একটি ব্যাংক রসিদের প্রিন্ট কপি সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটে জমা দিতে হবে।
- সকল ইউনিট ও উপ-ইউনিটে সকল পর্যায়ে [১ম, ২য়, ৩য়, ৪র্থ এবং ৫ম পর্যায় (স্পট বরাদ্দ ও অপেক্ষমান তালিকা)] সাধারণ ও কোটার আসনে প্রাথমিকভাবে ভর্তিকৃত সকল শিক্ষার্থীকে আগামী ২৪, ২৫, ২৮ ও ২৯ জুন ২০২৬ খ্রিস্টাব্দে (অফিস চলাকালীন) কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত ভর্তি ফিস সংশ্লিষ্ট বিভাগ/ ইনস্টিটিউট অফিসে জমা দিয়ে স্ব স্ব শিক্ষার্থীর চূড়ান্ত ভর্তি নিশ্চিত করতে হবে।
- প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজপত্রসহ ব্যাংক রসিদে উল্লিখিত অর্থ (ভর্তি ফিস) নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট অফিস প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে নগদ জমা নিবে। প্রতিটি বিভাগ/ইনস্টিটিউট অফিস প্রতি কর্ম দিবস শেষে সকল ব্যাংক রসিদ এবং চূড়ান্তভাবে নির্বাচিত ভর্তিচ্ছুদের নামের তালিকাসহ প্রাপ্ত সকল অর্থ (ভর্তি ফিস) নির্ধারিত তারিখের মধ্যে অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি ও ইনস্টিটিউটের পরিচালক সার্বিক বিষয় তদারকি করবেন।
অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা কর্তৃপক্ষ অর্থ (ভর্তি ফিস) প্রাপ্তি সাপেক্ষে সকল ব্যাংক রসিদ যথাযথভাবে সীল ও স্বাক্ষর দিয়ে বিভাগ/ইনস্টিটিউট অফিসে সাথে সাথে ফেরত দিবে।
পরবর্তীতে বিভাগ/ইনস্টিটিউট অফিস সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীকে ব্যাংক রসিদের একটি কপি (ছাত্র/ছাত্রী কপি) ফেরত দিবে।
স্ব স্ব বিভাগ/ইনস্টিটিউট অফিস সংশ্লিষ্ট শিক্ষার্থীর Student Information Form (SIF) ও ব্যাংক রসিদের একটি করে কপি সংরক্ষণ করবেন।
- সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীকে ভর্তি ম্যানুয়ালে উল্লিখিত ভর্তির নিয়ামাবলী অনুসরণ করে চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- কোনো শিক্ষার্থী অনলাইনে পূরণকৃত তার Student Information Form (SIF) সংশোধন করতে চাইলে তাকে আগামী ২৪ জুন থেকে ২৯ জুন ২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে আইসিটি সেলের হেল্প ডেস্কের মাধ্যমে উক্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে নির্ধারিত চার্জ প্রযোজ্য হবে।
- প্রাথমিকভাবে ভর্তিকৃত কোন শিক্ষার্থী উপরোক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ভর্তি সংশ্লিষ্ট কোনো কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে এ বিশ্ববিদ্যালয়ে তার ভর্তির প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

এ সম্পর্কিত তথ্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে (<https://admission.cu.ac.bd>) পাওয়া যাবে এবং ভর্তি নির্দেশিকায় উল্লিখিত হট লাইন ও হেল্প লাইন নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়াও প্রয়োজনে হেল্প ডেস্কে যোগাযোগ করা যাবে।

আদেশক্রমে-


(এস. এম. আকবর হোসাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ও সচিব, ভর্তি কমিটি

/ছদর/

